



জাতীয় বাংলাদেশ আন্তর্জাতিক রাজনীতি খেলাধুলা বিটিসি ক্রাইম জীবন যাপন অনিয়ম দুর্নীতি দুর্যোগ-দ

Home > সাহিত্য পাতা > ভারতীয় সাহিত্যের ১০টি অবিস্মরণীয় সৃষ্টিকর্মের চীনা এবং রাশিয়ান ভাষায় অনুবাদ

সাহিত্য পাতা আন্তর্জাতিক ব্রেকিং নিউজ

ভারতীয় সাহিত্যের ১০টি অবিস্মরণীয় সৃষ্টিকর্মের চীনা এবং রাশিয়ান ভাষায় অনুবাদ

By বার্তা কক্ষ — Last updated ডিসে. ৪, ২০২০



Arogyaniketan
诊疗所
АРОГЬЯНИКЕТАН

Arogyaniketan is a novel with an offbeat theme is set, like most stories of Tarashankar Bandyopadhyay, in the red soil of Birbhum and captures the struggle and fight between the old and new, conflicts between tradition and modernity. This novel has been translated into Chinese by Dhriti Roy and Russian by Ranjana Banerjee and Debasmita Moulick.

কলকাতা প্রতিনিধি: “নানা ভাষা নানা মত নানা পরিধান বিবিধের মাঝে দেখ মিলন মহান” ভারতবর্ষ এমনই একটা দেশ যেখানে জাতি ধর্ম বর্ণের পার্থক্য ছাড়াও মানুষের ভাষাতেও রয়েছে বহুলতার নিদর্শন।

আর সেই ভাষার বিভিন্নতার জন্য আন্তর্জাতিক ক্ষেত্রে অন্যান্য দেশগুলো আমাদের সকল ভাষাভাষী মানুষের শিক্ষা সংস্কৃতিকে সঠিকভাবে জানতে পারেনা। তাই সমস্ত ভাষার শিক্ষা সংস্কৃতির নির্যাস যাতে সকলে নিতে পারে তাই বর্তমান কেন্দ্রীয় সরকার নিয়েছিলেন একটি সুপরিকল্পিত পদক্ষেপ।

১০টি ভাষার ১০টি অনন্য সৃষ্টিকে চীনা এবং রাশিয়ান ভাষায় অনুবাদের সিদ্ধান্ত নেওয়া হয়। সেই মর্মে সাহিত্য অ্যাকাডেমি ১০টি ভিন্ন ভাষার, ১০টি অনন্য সৃষ্টিকে বেছে নিয়েছিলেন অনুবাদের জন্য।

২০১৯ সালে জুনের ১৩-১৪ তারিখে কাজাখিস্তানের রাজধানী বিশকেক থেকে অনুষ্ঠিত SCO (Shanghai Cooperation Organisation) শীর্ষ বৈঠকে উপস্থিত থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই পরিকল্পনার কথা জানান। এরপরই সাহিত্য অ্যাকাডেমি ১০টি SCO ভাষার ১০টি অনন্য সৃষ্টিকে চীনা এবং রাশিয়ান ভাষায় অনুবাদের জন্য বেছে নেয়।

গত ১০ই নভেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জী SCO প্রধানদের সঙ্গে একটি ভার্চুয়াল বৈঠকে অনুবাদের এই পরিকল্পনাটি সুচারু রূপে সম্মাদিত হয়েছে বলে ইঙ্গিত দেন। তারপরই ৩০শে নভেম্বর আরও একটি SCO শীর্ষ স্থানীয়দের সঙ্গে ভার্চুয়াল বৈঠকে উপরত্নপতি শ্রী বেঙ্কাইয়া নাইডু যোগনা করেন যে ১০টি সাহিত্য সৃষ্টির অনুবাদ সম্মাদিত হয়েছে সেগুলির নাম।

তিনি এই অনুবাদ কর্ম সাফল্যের সঙ্গে সম্মাদিত হওয়ার কথা যোগনা করার সাথে সাথে এও জানান, SCO ভাষার অনন্য সৃষ্টিগুলির চীনা এবং রাশিয়ান ভাষায় অনুবাদিত হওয়ার ফলে তাঁরা অবশ্যই আমাদের প্রাচীন ভারতবর্ষে শিক্ষা, সংস্কৃতি, জীবন যাপন সম্পর্কে অনেক কিছু জানতে পারবে এবং জানার চেষ্টা করবে।

যে সকল বাছাইকৃত সাহিত্য কর্ম চীনা এবং রাশিয়ান ভাষায় অনুবাদিত হয়েছে সেগুলি হল:-

Shyad Abdul Malik- এর Surjamukhir swapna (অসমীয়া), Jhaverchand Meghani- এর Vevishaal (ভজয়টি), Nirmal Verma- এর Kavve aur kala pani (হিন্দি), S.L.Bhayrappa- র Parva (কাঙ্করা), Manoj Das- এর Manoj Dasanka Kotha O Kahani (ওড়িয়া), Gurdual Singh- এর Marhida Diva (পঞ্জাবি), Jayakanthan – এর Sila Nerangalil Sila Manithargal (তামিল), Rachkananda Viswanath Sastrri-র Ilu (তেলেগু), Rajinder Singh Bedi- র Ek Candar Malli si (উর্দু) এবং সাহিত্য অ্যাকাডেমির পূর্বস্বল্প শাখার রিজিওনাল সেক্রেটারি শ্রী দেবেন্দ্র কুমার দেবেশ জানানেন বাংলা ভাষার অন্যতম শ্রেষ্ঠ সাহিত্য সৃজন তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস আরোগ্য নিকেতন অনুবাদিত হয়েছে চীনা এবং রাশিয়ান ভাষায়। তিনি আরও জানানেন এই মর্মে সাহিত্য অ্যাকাডেমি থেকে এই ১০টি বইয়ের ইংরাজী অনুবাদগুলো আবার পুনর্মুদ্রিত হয়েছে।

এইরূপ মহৎ এবং বৃহৎ কর্মকান্ডের মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকার তথা সাহিত্য অ্যাকাডেমি ভারতে বিভিন্ন প্রান্তের সাহিত্য শিক্ষা সংস্কৃতিকে বিশ্বের দরবারে পৌঁছে দেওয়ার এই প্রয়াসকে বিটিসি নিউজ (বাংলাদেশ) সাধুবাদ এবং অভিনন্দন জানায়।

সংবাদ শ্রেণক বিটিসি নিউজ (বাংলাদেশ) এর বিশেষ (কলকাতা) প্রতিনিধি রাজশ্রী বন্দ্যোপাধ্যায়। #